

## সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০০

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮০. ঘুমালে অযু নষ্ট হয় কিনা

# باب الْوُضُوءِ مِنَ النَّوْمِ

#### আরবী

حَدَّثَنَا شَاذُّ بْنُ فَيَّاضٍ، حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنسٍ، قَالَ كَانَ أَصنْحَابُ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم يَنْتَظِرُونَ الْعِشَاءَ الآخِرَةَ حَتَّى تَخْفِقَ رُءُوسُهُمْ ثُمَّ يُصلُونَ وَلَا يَتَوَضَّئُونَ .

\_ صحیح : م

#### বাংলা

২০০। আনাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ 'ইশার সালাতের জন্য এতক্ষন অপেক্ষা করতেন যে (তন্দ্রায়) তাদের মাথা ঢলে পড়ত। অতঃপর তাঁরা সালাত আদায় করতেন অথচ (এজন্য পুনরায়) অযু করতেন না।[1]

সহীহ: মুসলিম।

قَالَ أَبُو دَاوُدَ زَادَ فِيهِ شُعْبَةُ عَنْ قَتَادَةَ قَالَ كُنَّا عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم .وَرَوَاهُ ابْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ بِلَفْظِ آخَرَ .

صحيح .

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, শু'বাহ তাতে কাতাদা সূত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে-কথাটি বৃদ্ধি করেছেন। ইমাম আবূ দাউদ (রহঃ) আরো বলেন, ইবনু আবূ 'আরুবাহ কাতাদাহ হতে এটি অন্য শব্দে বর্ণনা করেছেন।

সহীহ।



## **English**

#### Narrated Anas:

The Companions during the lifetime of the messenger of Allah (May peace be upon him) used to wait for the night prayer so much so that their heads were lowered down (by dozing). Then they offered prayer and did not perform ablution.

Abu Dawud said: Shu'bah on the authority of Qatadah added: We lowered down our heads (on accounts of dozing) in the day of the Messenger of Allah (May peace be upon him).

Abu Dawud said; This tradition has been transmitted through a different chain of narrators.

### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা/হায়িয, অনুঃ বসে বসে ঘুমালে উযু নষ্ট হয় না), শাফিঈ 'কিতাবুল উম্ম'।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন